

# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 17 May, 2025

বাগেরহাটে বেতন-ভাতা প্রদানসহ ৫দফা দাবিতে ইসলামিক ফাউন্ডেশনের শিক্ষক, পরিদর্শক, কর্মচারী কর্মকর্তারা মানববন্ধন করেছেন। শনিবার (১৭ মে) বেলা ১১টায় বাগেরহাট-খুলনা মহাসড়কের জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই মানববন্ধন কর্মসূচি পালিত হয়।

মানববন্ধনে বক্তব্য দেন, ইসলামিক ফাউন্ডেশনের মসজিদ ভিত্তিক গনশিক্ষা প্রকল্পের শিক্ষক মাওলানা বশির উদ্দিন, হাফেজ আব্দুল্লাহ আল মামুন, মাওলানা মাহবুবুর রহমান, মোঃ ইব্রাহীম, মাওলানা হাফিজুর রহমান, মাও. মশিউর রহমান, মাওলানা বেলাল আহমেদ প্রমুখ।

বক্তারা বলেন, শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষার পাশাপাশি প্রাথমিক শিক্ষা গ্রহণে মসজিদ ভিত্তিক গনশিক্ষার গুরুত্ব রয়েছে। কিন্তু গুরুত্বপূর্ণ এই প্রকল্পের শিক্ষক-কর্মচারী ও কর্মকর্তারা ৫ মাস ধরে বেতন-ভাতা পান না। বিভিন্ন সময় দাবি করেও আমরা বেতন ভাতা পাইনি। খেয়ে না খেয়ে দিনাতিপাত করছেন, স্বল্প বেতনভুক্ত এসব শিক্ষক ও কর্মচারী-কর্মকর্তারা। অতিরিক্ত দাবি মেনে না নিলে আরও কঠোর আন্দোলনের ঘোষণা দেন মানববন্ধনকারীরা।

দাবিগুলো হচ্ছে, ইসলামিক ফাউন্ডেশনের মসজিদ ভিত্তিক গনশিক্ষা (৮ম) পর্যায় প্রকল্পটি দ্রুত অনুমোদন করে ঈদুল আযহার আগে সকল জনবলের ৫ মাসের বেতন-ভাতা ও বোনাস দিতে হবে। প্রকল্পের জনবলকে তাদের পদসহ রাজস্বভুক্ত করতে হবে। সশ্রম পর্যায়ে বিদ্যমান জনবলকে অষ্টম পর্যায় প্রকল্পে স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর করতে হবে। কেয়ারটেকারদেরকে স্বেচ্ছাভুক্ত বেতন প্রদান করতে হবে। শিক্ষকদের বেতনভাতা সম্মানজনক হারে বৃদ্ধি করতে হবে।

কর্মচারী কর্মকর্তারা ইসলামিক ফাউন্ডেশন বাগেরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 19:57

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/2581775807>